# সংবাদ বিজ্ঞপ্তি

## গণতান্ত্রিক চেতনায় এবং পারস্পরিক আলোচনার মাধ্যমে সমাধান অর্জনের আহ্বান

**ঢাকা, রবিবার, ২৬ জুন ২০১১:** তত্ত্বাবধায়ক সরকার এবং সংবিধানের ১৫তম সংশোধনীর বিলসহ বিভিন্ন বিষয়কে কেন্দ্র করে রাজনৈতিক দ্বন্দ্বের সূচনায় উদ্বেগ প্রকাশ করে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এর সদস্যবৃন্দ ২০১৩ সালের জাতীয় নির্বাচনকে সুষ্ঠু, স্বচ্ছ, নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক এবং সকলের কাছে গ্রহণযোগ্য করার স্বার্থে গণতান্ত্রিক চেতনায় এবং পারস্পরিক আলোচনার মাধ্যমে সমাধান অর্জনের আহ্বান জানিয়েছেন। একইসাথে "বাংলাদেশের জনগণ জাতি হিসেবে বাঙ্গালী" বলে পরিচিত হবেন মর্মে ১৫তম সংবিধান সংশোধনের প্রস্তাবিত বিলেরও প্রতিবাদ জানানো হয়। বাংলাদেশের সকল জনগণকে বাঙ্গালী আখ্যায়িত করা বাস্তবতার অস্বীকার ও দেশে অবস্থানরত অন্যান্য জাতিগোষ্ঠীর মৌলিক অধিকার হরণের সমতুল্য। গতকাল বিকেলে রাজধানীতে টিআইবি'র সদস্যদের বার্ষিক সভায় উত্থাপিত এক ঘোষণায় এই নেতিবাচক সংশোধনী প্রত্যাহারের দাবি জানানো হয়।

এক বিবৃতিতে টিআইবি'র সদস্যগণ বাংলাদেশে গণতন্ত্রের প্রাতিষ্ঠানিকীকরণ, সুশাসন এবং জাতি-ধর্ম-বর্ণ বা অন্য যেকোন পরিচয় নির্বিশেষে সকল মানুষের সম-অধিকার প্রতিষ্ঠা এবং বিভিন্ন জাতি ও ধর্মভিত্তিক জনগোষ্ঠীর অধিকার প্রতিষ্ঠায় অন্তরায় হতে পারে এবং ধর্মভিত্তিক রাজনীতিকে উৎসাহিত করতে পারে, তা রহিতকরণের এবং সকল আদিবাসী জনগোষ্ঠীর মৌলিক অধিকারের সাংবিধানিক স্বীকৃতির দাবি জানানো হয়।

বার্ষিক সভায় টিআইবি'র সদস্যগণ সরকার ঘোষিত চলতি বাজেটে কালো টাকা সাদা করার সুযোগ সৃষ্টি করার পক্ষে বিভিন্ন মহলের তৎপরতায় উদ্বেগ প্রকাশ করেন। তাদের মতে, কালো টাকা সাদা করার বিধান নৈতিকভাবে অগ্রহণযোগ্য ও বৈষম্যমূলক, রাজস্ব সংগ্রহের বিবেচনায় অর্থহীন এবং সর্বোপরি, তা সরকারের নির্বাচনী অঙ্গীকারের সাথে সাংঘর্ষিক। সদস্যগণের পক্ষ থেকে কালো টাকা সাদা করার সুযোগ রাখতে হলে সেক্ষেত্রে সর্বনিম্ন ২৫-৫০ শতাংশ হারে করারোপ করার পরামর্শ দেওয়া হয়।

টিআইবি'র চেয়ারপার্সন অ্যাডভোকেট সুলতানা কামালের সভাপতিত্বে সভায় আরও উপস্থিত ছিলেন টিআইবি'র ট্রাস্টি বোর্ডের সদস্য এম. হাফিজউদ্দিন খান। সভা সঞ্চালনা করেন টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান।

টিআইবি সদস্যগণ ব্যক্তিগত এবং পেশাগত ও শিক্ষা জীবনে দুর্নীতি থেকে বিরত থেকে প্রত্যেকে নিজ নিজ অবস্থান অনুযায়ী একক ও সমষ্টিগতভাবে দুর্নীতিকে কার্যকরভাবে প্রতিরোধের প্রত্যয় ব্যক্ত করেন ।

উল্লেখ্য, বাংলাদেশে দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলনের কার্যক্রমকে জোরদার করতে টিআইবি আগ্রহী ছাত্র ও যুবসমাজসহ বিভিন্ন পেশাজীবী ও সাধারণ নাগরিককে সদস্যভুক্ত করে আসছে। সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হওয়ার পর তারা টিআইবি'র বিভিন্ন কার্যক্রমে সম্পৃক্ত হওয়ার সুযোগ লাভ করেন। বার্ষিক সদস্য সভা ছাড়াও ত্রৈমাসিক ভিত্তিতে অনুষ্ঠিত সদস্য দিবসে মিলিত হয়ে তারা টিআইবি'র কর্মসূচি সম্পর্কে মূল্যবান পরামর্শ দিয়ে থাকেন।

**গণমাধ্যম যোগাযোগ:**

**রিজওয়ান-উল-আলম**
পরিচালক-আউটরিচ এন্ড কমিউনিকেশন
ই-মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩০৬৫০১২